10665 2000Rs.

Rule 21

Stamp

Indian

in

No. or 1A

A 108.00
4 28-00
mk) 4.00
132.00

পারিবারিক মীমাংসাপত্র

বা

ফ্যামিলী ডিড অব সেটেলমেন্ট পত্র

2-8-93

প্রথম পক্ষ সেটলর - শ্রীমতী হেমারাণী দত্ত, স্বামী মৃত ধীরেন্দ্র নাথ দত্ত, জাতি হিন্দু, পেশা - গৃহস্থালী, সাকিন ৫৫৮ নং মহাত্মা গান্ধী রোড, থানা ঠাকুর পুকুর, পোষ্ট অফিস জোকা, জেলা দক্ষিণ ২৪ পরগণা।

দ্বিতীয় পক্ষ বেনিফিসিয়ারী -

১। শ্রী তপন কুমার দত্ত, পিতা মৃত ধীরেন্দ্র নাথ দত্ত, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাকিন ৫৫৮ নং মহাত্মা গান্ধী রোড, থানা ঠাকুর পুকুর, পোষ্ট অফিস জোকা, জেলা দক্ষিণ ২৪ পরগণা।

২। শ্রী গোতম কুমার দত্ত, পিতা মৃত ধীরেন্দ্র নাথ দত্ত, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাকিন ৫৫৮ নং মহাত্মা গান্ধী রোড, থানা ঠাকুর পুকুর, -

2000Rs.

- ২ -

দ্বিতীয় পক্ষ রেসপন্ডেন্টগণ -

পোষ্ট অফিস জোকা, জেলা দক্ষিণ ২৪ পরগণা ।

৩। শ্রী উৎসব দত্ত, নাবালক, পিতা শ্রী গৌতম দত্ত, জাতি হিন্দু, পেশা অধ্যয়ণ, সাকিম ৫৫৮ নং মহাত্মা গান্ধী রোড, থানা ঠাকুর পুকুর, পোষ্ট অফিস জোকা, জেলা দক্ষিণ ২৪ পরগণা ।

কস্য ডিড অব সেটেলমেন্ট বা পারিবারিক মীমাংসাপত্র মিদং কার্য্যঞ্চ আগে -

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ঠাকুর পুকুর, এডিশনাল ডিস্ট্রীক্ট সাবরেজেস্ট্রী -

অফিস বেহালা অন্তর্ভুক্ত জে, এল, নং ২৩, মৌজা পূর্ব বড়িষা গ্রামে জেলা দক্ষিণ

২৪ পরগণা কালেকটারীর ১" ৫নং তৌজিভুক্ত ৩১ নং খতিয়ানের অধীন ৩২/৩৩ নং খতিয়ানে ২১৮ নং দাগে স্বামীয় মাপে ৮৪ চার কাঠা জমি জমা সেটলর আমি বিগত ১৭ই জ্যৈষ্ঠ, ১৩৬২ সন মোতাবেক ইংরাজী ১৯৫৫ সালের ১লা জুন তারিখে নিজ অর্থে দমদম নিবাসিনী শ্রীমতী প্রিয় বালা গুপ্ত, স্বামী শ্রী সমতা ভূষণ গুপ্ত মহাশয়ার নিকট হইতে উপযুক্ত পণ মূল্যে একরেজা রেজেস্ট্রীকৃত কোবালা মূলে খরিদ করি। উক্ত দলিল - বেহালা সাবরেজেস্ট্রী অফিসে রেজেস্ট্রীকৃত ১নং বহির, ২০ নং ভলুমে, ১৬৩ পৃষ্ঠা হইতে ১৭০ নং পৃষ্ঠায় সন ১৯৫৫ সালের ১৩৯০ নং কোবালা দলিলরূপে লিপিবদ্ধ আছে। অতঃপর আমি উক্ত সম্পত্তিতে খরিদ সূত্রে মালিক দখলকারিনী হইয়া এবং জোকা পঞ্চায়েত অফিসে নিজ নাম পত্তন পূর্বক উক্ত সম্পত্তিতে বসতবাটী নির্মাণ করি, যাহা বর্তমানে আংশিক ভিতল হইতেছে। উক্ত বাটীর উপযুক্ত রক্ষণাবেক্ষণ না করায় এবং আমার উত্তরাধিকারীদের মধ্যে দ্বন্দ্ব বা গোলযোগের সৃষ্টি হওয়ায় উক্ত সম্পত্তি সম্বন্ধে ভবিষ্যতে সুব্যবস্থা করা বিশেষ আবশ্যক বিধায় আমি চিন্তা ভাবনা করিয়া আমার মৃত্যুর পর উক্ত সম্পত্তি লইয়া যাহাতে আমার ওয়ারিশানগণের মধ্যে কোন গোলযোগের সৃষ্টি না হয় তাহার জন্য অত্র পারিবারিক মীমাংসাপত্র বা ফ্যামিলী ডিউ অব - সেটেলমেন্টপত্র বা দলিল মূলে নিম্ন লিখিত ভাবে বিলি বন্টন ব্যবস্থা করিলাম।

এক্ষণে আমার স্বামী ধীরেন্দ্র নাথ দত্ত মহাশয় বিগত ইংরাজী ১৯৮৪ সালের ১৫ই মার্চ তারিখে কোন উইলাদি না করিয়া তাঁহার একমাত্র কন্যা শ্রীমতী কবিতা দে ও তিন পুত্র যথা শ্রী স্বপন কুমার দত্ত, শ্রী তপন কুমার দত্ত ও শ্রী গৌতম কুমার দত্ত এবং আমাকে একমাত্র স্ত্রী রাখিয়া পরলোক গমন করেন। আমার স্বামী মহাশয়ের জীবদ্দশায় আমার একমাত্র

কন্যা কবিতা দে কে ইউনিক পার্ক, বেহালা, কলিকাতা -৩৪ নিবাসী শ্রী হেমন্ত কুমার দের ।।জামাতা।। সহিত যথাসাধ্য অর্থ ব্যয়ে বিবাহ দিয়াছেন এবং আমাদের উক্ত কন্যা পরম সুখে শান্তিতে স্বামীগৃহে সংসার যাত্রা নির্বাহ করিতেছে । সেকারণে আমি নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তির কিছু বা কোন অংশ আমার উক্ত কন্যাকে দিলাম না ।

আমার জ্যেষ্ঠ পুত্র শ্রীমান স্বপন কুমার দত্ত বিবাহ করিয়াছে তাহাকেও আমাদের যথাসাধ্য অর্থ ব্যয়ে উপযুক্ত শিক্ষা দীক্ষা প্রদান করিয়াছি । কিন্তু দীর্ঘ ২৫ বৎসরকাল সে আমাদের সহিত বসবাস করে না পরন্তু তাহার পিতার জীবিতকালতক আমার উক্ত জ্যেষ্ঠ পুত্র তাহার পিতাকে যথেচ্ছা ভাবে অব্যবহার করিয়াছে ও কোন খরচাদি দেয় নাই । বর্তমানে সে তাহার স্ত্রী, পুত্র, কন্যা লইয়া অন্যত্র বসবাস করিতেছে। আজ পর্যন্ত সে আমাদের কোন খোঁজ খবর লয় না । সেকারণে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার উক্ত জ্যেষ্ঠ পুত্রকে কিছু বা কোন অংশ দিলাম না ।

একণে আমার মধ্যম পুত্র শ্রীমান তপন কুমার দত্ত ও কনিষ্ঠ পুত্র শ্রীমান গৌতম কুমার দত্ত আমার লিখিত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে অর্থাৎ বসতবাটীতে আমার সহিত পৃথকান্নে তাহাদের স্ত্রী, পুত্র, কন্যা সহ বসবাস করিতেছে । কিন্তু আমার মধ্যম পুত্র শ্রীমান তপন এবং তাহার স্ত্রী আমার প্রতি যথেচ্ছা অন্যায় আচরণ ও যন্ত্রণা দিতেছে । সেকারণে আমি হৃদরোগে আক্রান্ত হইয়াছি এবং আমার অনুপস্থিতিতে আমার উক্ত পুত্র শ্রীমান তপন, তাহার কনিষ্ঠ ভ্রাতা শ্রীমান গৌতমএর সহিত অন্যায় আচরণ করে । কিন্তু উক্ত শ্রীমান তপনের আলাদা কোন বসবাসের স্থান নাই । সেকারণে উক্ত

শ্রীমান তপন ও শ্রীমান গৌতম ও গৌতমের একমাত্র পুত্র আমার নির্দ্দিষ্টকৃত আমার উক্ত বসতবাটীর যাহা নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল, তাহাতে অর্থাৎ নির্দ্দিষ্টকৃত - ঘর সমূহে অনির্দ্দিষ্টকৃত ভাবে যে যাহার সংসার সহ সুখে শান্তিতে বসবাস করিতেছে।

এক্ষণে আমার যথেষ্ট বয়স হইয়াছে এবং হৃদরোগে ভুগিতেছি। সেকারণে কখন কি হয় এবং জীবনের অনিশ্চয়তা হেতু এবং আমার উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সমূহে যাহাতে আমার ওয়ারিশগণের মধ্যে কোন গোলযোগ বা মামলা মোকদ্দমা বা ভুল ভ্রান্তি উপস্থিত না হয় সেকারণে ভবিষ্যৎ মঙ্গলার্থে এবং আমার উক্ত পুত্র, পৌত্রদের ভবিষ্যতের ব্যবস্থা করিবার নিমিত্ত আমার উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমার উক্ত মধ্যম ও কনিষ্ঠ পুত্র যথাক্রমে শ্রীমান তপন কুমার দত্ত ও শ্রীমান গৌতম কুমার দত্ত ও আমার কনিষ্ঠ পুত্রের একমাত্র পুত্র শ্রীমান উৎসব দত্ত বর্ত্তমান নাবালক, আমার নির্দ্দেশ যাহা নিম্নে বিশেষ ভাবে বর্ণিত ও লিখিত হইল, তাহা আমার অবর্ত্তমানে অর্থাৎ আমার মৃত্যু অন্তে উক্ত পুত্রদ্বয় ও কনিষ্ঠ পুত্রের পুত্র অর্থাৎ আমার পৌত্র আমার নিম্ন লিখিত নির্দ্দেশ মত পাইবে ও অত্র ব্যবস্থা কার্য্যকরী হইবে।

আমার উক্ত বা নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি অর্থাৎ আমার বর্ত্তমান বসতবাটী আমার খরিদা ৵৪ চার কাঠা জমির উপর অবস্থিত। উক্ত জমি জমার উত্তরাংশে কমবেশ ৵২ দুই কাঠা জমির উপর আমার নিজ অর্থে নির্ম্মিত অসম্পূর্ণ দ্বিতল পাকা বাটী আছে। উক্ত বাটীর একতলে অর্থাৎ গ্রাউণ্ড ফ্লোরের পূর্বদিকে একটি বড় ঘর ও একটি ছোট ঘর যাহাতে আমার পারিবারিক ঠাকুর দেবতার পূজা হইতেছে ও পশ্চিম দিকে একখানি ঘর ও একটি রান্নাঘর ও বারান্দা আছে ও উৎসলগ্ন দ্বিতলে উঠিবার সিঁড়ি ও সিঁড়ি -

ঘর রহিয়াছে এবং সিঁড়ি ঘরের দক্ষিণ সংলগ্ন ছোট বারান্দা রহিয়াছে। ॥যাহাতে অর্থাৎ উক্ত পশ্চিম দিকের ঘরটিতে আমার কনিষ্ঠ পুত্র শ্রীমান গৌতম তাহার স্ত্রী, পুত্র লইয়া বসবাস করিতেছে॥ এবং উক্ত বাসগৃহের দ্বিতলে অর্থাৎ কাস্ট ফ্লোরে, গ্রাউণ্ড - ফ্লোরের অনুরূপ পূর্বদিকে একখানি বড় ঘর ও একখানি ছোট ঘর আছে, যাহাতে আমার মধ্যম পুত্র শ্রীমান তপন কুমার দত্ত তাহার স্ত্রী, পুত্র লইয়া বসবাস করিতেছে এবং উক্ত বসতবাটীর দ্বিতলের পশ্চিম পার্শ্বে একখানি ঘর ও ঘরের উভয় দিকে অর্থাৎ উত্তর দক্ষিণে ছোট বারান্দা রহিয়াছে যাহাতে বর্তমানে আমার কনিষ্ঠ পুত্র শ্রীমান গৌতম কুমার দত্ত তাহার স্ত্রী, পুত্র লইয়া বসবাস করিতেছে, এবং দ্বিতলে সিঁড়ির সম্মুখে অর্থাৎ সিঁড়ির দক্ষিণ লাগোয়া বারান্দা রহিয়াছে। ইহা ব্যতীত উক্ত বসতবাটীর দক্ষিণাংশে কিছু খালি জমি আছে যাহার পশ্চিম পার্শ্বে একটি ইটের দেওয়াল ও টালির ছাউনি নির্মিত ঘর রহিয়াছে এবং পূর্বদিকে অনুরূপ ইটের দেওয়াল ও টালির ছাউনিযুক্ত দুইখানি ঘর রহিয়াছে এবং দক্ষিণ সীমানায় একটি স্নানাগার ও তাহার উত্তরে একটি পাতকুয়া রহিয়াছে এবং পাতকুয়ার পশ্চিমে অর্থাৎ তপশীল বর্ণিত সম্পত্তির দক্ষিণ পশ্চিম কোণে পাকা সেপ্টিটাঙ্কী পায়খানা রহিয়াছে। উক্ত ঘর সমূহ ও বসতবাটীর নমুনা কোন সার্ভেয়ার দ্বারা প্ল্যান বা নক্সা প্রস্তুত করিতে পারিলাম না যেহেতু আমার মধ্যম পুত্র তপন আমাকে প্রতি মুহূর্তে ভয় দেখায় ও নানা ভাবে অন্যায় আচরণ করে সেহেতু - সার্ভেয়ার ছাড়াই আমার উক্ত সম্পত্তি যাহা মিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল, তাহার একটি নক্সা বা প্ল্যান প্রস্তুত করিয়া অত্র দলিলের সহিত গুথিত করিলাম। যাহা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে এবং অত্র নক্সা বা প্ল্যান অনুযায়ী আমার -

পুত্রদ্বয় অর্থাৎ শ্রীমান তপন ও গৌতম এবং কনিষ্ঠ পুত্রের পুত্র অর্থাৎ আমার পৌত্র শ্রীমান উৎসব দত্ত আমার অবর্তমানে আমার নিম্ন লিখিত নির্দ্দেশ মত ও মতে ভবিষ্যতে নিব্যাঢ় স্বত্বে প্রাপ্ত হইয়া যদৃচ্ছা ভাবে ভোগ দখল করিবে,তাহাতে আমার কোন পুত্র বা - ওয়ারেশান বা কেহ কোন প্রকার ওজর আপত্তি করিতে পারিবে না যদি কেহ কস্মিনকালে করেতবে তাহা অত্র দলিল বলে সর্বত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

উল্লেখ থাকে যে,আমি যতদিন জীবিত থাকিব ততদিন পর্য্যন্ত আমার উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমার অধীনে ও পরিচালনায় থাকিবে তাহাতে আমাকে কেহ কোন প্রকারে বাধা বা বিঘ্ন সৃষ্টি করিতে পারিবে না,আমার মৃত্যুর পর আমার উক্ত বেনিফিসিয়ারীগণ আমার জীবিতকালে কেহ কোনরূপ আমার বসতবাটীর কোন স্থানে বা গৃহে কোন প্রকার আচ্ছাদন বা প্রাচীর দ্বারা বা কোন অস্থায়ী কাঠের নির্ম্মিত পার্টিশান দ্বারা সীমাবদ্ধ করিতে পারিবে না বা কেহ উক্ত সম্পত্তির কোন অংশ ভাড়াবিলি করিতে পারিবে না এবং যেহেতু আমার কোন আয় উপস্বত্ব নাই, সেহেতু উক্ত আমার পুত্রদ্বয় অর্থাৎ শ্রীমান তপন ও গৌতম আমার জীবিতকালতক ভরণ - পোষণ,চিকিৎসা এবং সর্ব প্রকার ব্যয়ভার বহন করিবে ও দায়ীত্ব পালন করিবে এবং আমার উক্ত বসতবাটীর প্রয়োজন মত রক্ষণাবেক্ষণ,রিপেয়ারিং বা সংস্কার আমার - লিখিত নির্দ্দেশ মত করিবে। আমার উক্ত বসতবাটীর ট্যাক্সাদি ও ইলেকট্রিক বিল -ও যাবতীয় রক্ষণাবেক্ষণের খরচা দিবে। যদি কেহ আমার অত্র নির্দ্দেশ পালন বা মান্য না করে তাহা হইলে ভবিষ্যতে সে তাহার অংশ হইতে বঞ্চিত হইবে এবং সেক্ষেত্রে তাহার অংশ অন্য পক্ষের অর্থাৎ অত্র বেনিফিসিয়ারীগণের মধ্যে যে পক্ষ রক্ষণাবেক্ষণ ও

আমার ভরণপোষণের খরচাদি বহন করিবে তাহার অনুকূলে বর্তাইবে। যদি আমার নির্দ্দেশের অন্যথা হয় তাহা হইলে পক্ষগণ অর্থাৎ রেমিজিসিয়ারীগণ আমার অবর্ত্তমানে মামলা বা মোকদ্দমা আনয়ন পূর্বক তাহাদের অংশ অত্র দলিলের নির্দ্দেশ মত বুঝিয়া লইবে।

এক্ষণে রেমিজিসিয়ারীগণ আমার উক্ত সম্পত্তি যাহা বা যে অংশআমার অবর্ত্তমানে বা ভবিষ্যতে পাইবে বা ভোগ দখল করিবে তাহার বিবরণ ও আমার নির্দ্দেশ নিম্নলিখিত ভাবে প্রকাশ করিলাম ঃ -

শ্রীমান তপন কুমার দত্তের প্রাপ্য অংশ যাহা আমার অবর্ত্তমানে প্রাপ্য হইবে।

নিম্ন লিখিত ।ক। তপশীল বর্ণিত সম্পত্তির মধ্যে আমার বসতবাটীর একতলা বা গাউণ্ড ফ্লোরের কোন অংশ শ্রীমান তপন কুমার দত্ত পাইবে না, কেবলমাত্র সিঁড়ি ঘরের কমন ব্যবহারের অধিকার রহিল। উক্ত বসতবাটীর দ্বিতলের পূর্বাংশে যে দুইখানি বড় ও ছোট ঘর রহিয়াছে তাহা নিব্যুঢ় স্বত্বে প্রাপ্ত হইবে এবং সংলগ্ন বারান্দার কমন ব্যবহারিক অধিকার পাইবে তাহার কনিষ্ঠ ভ্রাতা শ্রীমান গৌতমের সহিত ও কনিষ্ঠ ভ্রাতার একমাত্র পুত্র শ্রীমান উৎসবের সহিত এবং আমার মৃত্যুর পর উক্ত সম্পত্তিতে শ্রীমান গৌতম বা আমার কোন ওয়ারেশান উক্ত ঘরের কোন অধিকার থাকিবে না বা বর্তাইবে না বা কেহ দাবী দাওয়া করিতে পারিবে না। উক্ত বসতবাটী ছাড়া, বসতবাটীর দক্ষিণাংশে যে খালি জমি রহিয়াছে তাহার পূর্বাংশে যে ইটের দেওয়াল ও টালির ছাউনি বিশিষ্ট দুইখানি ঘর রহিয়াছে তাহা আমার উক্ত মধ্যম পুত্র শ্রীমান তপন কুমার দত্ত নিব্যুঢ় স্বত্বে পাইবে এবং তপশীল বর্ণিত সম্পত্তির মধ্যে যে পাতকুয়া -

রহিয়াছে তাহাও উক্ত শ্রীমান তপন কুমার দত্ত,তাহার কনিষ্ঠ ভ্রাতা শ্রীমান গৌতম ও তাহার একমাত্র পুত্র শ্রীমান উৎসবের সহিত যৌথ ভাবে ব্যবহার করিবে।

প্রকাশ থাকে যে,ইহা ছাড়া উক্ত বসতবাটীর দক্ষিণাংশে উত্তর পশ্চিমাংশে দুইটি ঘর সমেত উক্ত সম্পূর্ণ খালি জমির উত্তরদক্ষিণে অর্দ্ধাংশ সীমাকৃত করিয়া তাহার সম্পূর্ণ পূর্বাংশ তদুপরিস্থিত জমি ও টালির ঘর উক্ত শ্রীমান তপন কুমার দত্ত নিব্যুঢ় স্বত্বে পাইবে এবং তপশীল বর্ণিত জমির পূর্বাংশে যে ১২' ফুট কমন প্যাসেজ রহিয়াছে উক্ত প্যাসেজ দিয়া উক্ত শ্রীমান তপন কুমার দত্ত চলাচল করিবে,ইহাই আমার নির্দেশ উপরি লিখিত তপন কুমার দত্তর প্রাপ্ত অংশে শ্রীমান গৌতম ও তাহার পুত্র শ্রীমান উৎসবের কোন স্বত্ব বা অধিকার থাকিল না বা রহিল না।

শ্রীমান গৌতম কুমার দত্তের প্রাপ্ত অংশ যাহা আমার অবর্তমানে প্রাপ্ত হইবে।

নিম্ন লিখিত ।কা তপশীল বর্ণিত সম্পত্তির মধ্যে আমার বসতবাটীর একতলে - অর্থাৎ গ্রাউণ্ড ফ্লোরের পশ্চিমাংশে যে দুইখানি ঘর রহিয়াছে তাহা নিব্যুঢ় স্বত্বে প্রাপ্ত হইবে এবং উক্ত ঘরের সংলগ্ন পূর্বাংশে যে বারান্দা ও সংলগ্ন সিঁড়ি ঘর রহিয়াছে তাহা আমার মধ্যম পুত্র শ্রীমান তপন ও শ্রীমান উৎসবের সহিত যৌথ ভাবে ব্যবহার করিবে এবং উক্ত বসত বাটীর দ্বিতলে অর্থাৎ ফার্স্ট ফ্লোরের পশ্চিম পার্শ্বে যে একখানি ঘর ও উহার দিকের বারান্দা।উত্তর দক্ষিণে। নিব্যুঢ় স্বত্বে প্রাপ্ত হইবে এবং উক্ত ঘরের সংলগ্ন পূর্বাংশের বারান্দা ও সিঁড়ি ঘর উক্ত শ্রী তপন কুমার দত্ত ও শ্রীমান উৎসব দত্তের সহিত যৌথ ভাবে ব্যবহার করিবে। ইহা ব্যতীত উক্ত বসতবাটীর দক্ষিণাংশে যে -

বাদি জমি রহিয়াছে তাহার উত্তর দক্ষিণে চিহ্নিত ঘরে পশ্চিম পার্শ্বের সম্পূর্ণ জমি
সহ তদুপরিস্থিত একখানি ইটের দেওয়াল ও টালির ছাউনি ঘর নিব্যুঢ় সূত্রে শ্রীমান
গৌতম পাইবে। যাহার অদ্যকার অবস্থায় বা প্ল্যানে দর্শাইলাম। উপরোক্ত নির্দ্দেশ
শ্রীমান গৌতম মানিয়া চলিবে এবং নিব্যুঢ় সূত্রে পাইবে তাহাতে কেহ কস্মিনকালে
আমার ওয়ারিশানগণ কোন রকম বা প্রকার ওজর আপত্তি করিতে পারিবে না করিলেও
সর্বক্ষেত্রে তাহা বাতিল বলিয়া গণ্য হইবে, ইহাই আমার নির্দ্দেশ।

শ্রীমান উৎসব দত্তের প্রাপ্ত অংশ যাহা আমার অবর্ত্তমানে প্রাপ্ত হইবে

নিম্ন লিখিত। কা তপশীল বর্ণিত সম্পত্তির মধ্যে আমার বসতবাটীর এস্তেলে
অর্থাৎ গ্রাউণ্ড ফ্লোরের পূর্বাংশে যে দুইখানি ঘর রহিয়াছে অর্থাৎ বর্ত্তমানে যে ঘর -
দুইটিতে আমি নিজে বসবাস করিতেছি ও পূজাদি করিতেছি উক্ত ঘর দুইটি শ্রীমান -
উৎসব দত্ত নিব্যুঢ় সূত্রে পাইবে এবং সংলগ্ন সিঁড়ি ঘরের যৌথ ব্যবহার তাহার জ্যেঠা
মহাশয় শ্রী তপন কুমার দত্ত ও পিতা শ্রীমান গৌতম দত্তের সহিত যৌথ ব্যবহারের -
অধিকার রহিল। ইহাতে আমার অবর্ত্তমানে আমার কোন ওয়ারিশান কোনরূপ ভাবে
কোন রকম ওজর আপত্তি বা বাধার সৃষ্টি করিতে পারিবে না, করিলেও তাহা সর্বস্থানে
সর্বক্ষেত্রে বাতিল ও অগ্রাহ্য হইবে।

উল্লেখ থাকে শ্রীমান উৎসব দত্ত বর্ত্তমানে নাবালক এবং আমার নির্দ্দেশ
রহিল যে, আমার মৃত্যুর পর তাহার অংশ শ্রীমান তপন কুমার দত্ত ও শ্রীমান গৌতম কুমার
দত্ত বুঝাইয়া দিবে ও হস্তান্তর করিবে।

উল্লেখ ...

উল্লেখ থাকে যে, বেমিকিসিয়ারীগণ ভবিষ্যতে আমার অবর্তমানে যে যাহার ব্যবহৃত পায়খানা, জল, ইলেকট্রিক লাইন ইত্যাদি নিজ নিজ অংশে নিজ নিজ ব্যয়ে নিজ নিজ নামে ছয় মাসের মধ্যে সংস্কার ও আময়ন করিয়া লইবে এবং তাহার অন্যথা হইবে না এবং উক্ত বসতবাটীর ছাদ বা দ্বিতলের ফ্লক বা ছাদের উত্তর দক্ষিণে সীমাকৃত করিয়া ও পূর্ব ও পশ্চিমের ব্যবধানে ১০' দশ ফুট পরিমিত কমন ব্যবহারের অধিকার বজায় রাখিয়া আমার উক্ত মধ্যম পুত্র শ্রীমান তপন উক্ত ছাদের পূর্ববাংশ ও শ্রীমান গৌতম ॥কণিষ্ঠ পুত্র॥ উক্ত ছাদের সম্পূর্ণ পশ্চিমাংশ নির্ঝঞ্ঝাট স্বত্বে পাইবে ও ভোগ দখল করিবে।

আমার অবর্তমানে আমার উক্ত বেমিকিসিয়ারীগণ উক্ত সম্পত্তিতে পাকা ইমারত বসতবাটীর কোন অংশ বা সম্পত্তির কোন অংশে ভাড়াবিলি, বন্ধক, লীজ, বিক্রয়, দান, বা কোনরূপ হস্তান্তর করিতে পারিবে না। যদি কেহ বিক্রয় করিবার মনস্থ করে তাহা হইলে শুধুমাত্র অপরাপর অর্থাৎ অত্র দলিলের বেমিকিসিয়ারীগণের মধ্যে বিক্রয় করিতে পারিবে। উক্ত বা নিম্ন লিখিত সম্পত্তির কোন অংশ বেমিকিসিয়ারী পক্ষগণের মধ্য - ব্যতিরেকে অন্য অপর কোন ব্যক্তি বা ব্যক্তিগণকে কোনরূপ হস্তান্তর করিতে পারিবে না, করিলেও তাহা সর্বক্ষেত্রে বাতিল বলিয়া গণ্য হইবে।

আরও প্রকাশ থাকে যে, আমার অবর্তমানে ছয় মাসের মধ্যে অত্র দলিলের - বেমিকিসিয়ারীগণ অত্র দলিলের নির্দেশ ও নক্সা মোতাবেক করিলে তাহাদের নিজ নিজ নির্দিষ্টকৃত অংশ তাহাদের সুবিধা মত সীমানা নির্দিষ্ট করিয়া লইবে।

আমার অবর্তমানে অত্র দলিলের অরিজিনাল রেজেস্ট্রীকৃত দলিল আমার কণিষ্ঠ - পুত্র শ্রীমান গৌতম কুমার দত্তের নিকট থাকিবে। প্রয়োজনে তাহার নক্সা অন্যান্য -

বেমিকিসিয়ারীগণকে দর্শাইবে ও দিবে।

অত্র দলিল বা দলিলের লিখিত শর্তাদি ও নির্দেশ সকল আমার মৃত্যু অন্তে কার্য্যকরী হইবে।

এতদর্থে সুস্থ শরীরে, সরল অন্তঃকরণে, অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় নিজ হিতার্থে ও স্বার্থে বেমিকিসিয়ারীগণের ভবিষ্যতের সুবিধার্থে অত্র দলিল প্রস্তুত করিয়া তাহা নিজ নিজ স্থানে পাঠ করিয়া ও দলিলের মর্ম সকল সম্যক অবগত হইয়া অত্র দলিল সহি সম্পাদন ও রেজেস্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ বাংলা ১৪০০ সালের ১৭ই শ্রাবণ মোতাবেক ইংরাজী ১৯৯৩ সালের ২রা আগষ্ট।

১ক তপশীল

মোট সম্পত্তির পরিচয়

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ঠাকুর পুকুর, প্রতিশনাল ডিস্ট্রীক্ট সাবরেজেস্ট্রী অফিস বেহালা অন্তর্ভুক্ত জে,এল,নং ২৩, মৌজা পূর্ব বড়িষা গ্রামে জেলা দক্ষিণ ২৪ পরগণা কালেক্টারীর ১৫ নং তৌজিভুক্ত ৩১ নং খতিয়ানের অধীন ৩২/৩৩ নং খতিয়ানে ২১৮ দাগে একরস্থ বাস্তু জমি ০৪ চারি কাঠা মাত্র তদুপরিস্থিত আংশিক পাকা দ্বিতল বাটী মাত্র তৎসংলগ্ন ইটের দেওয়াল ও টালির ছাউনিযুক্ত ঘর, রান্নাঘর, বাথরুম, পায়খানা, জল কল, মাত্র যাবতীয় সাজপাঠ ও ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র দলিলের ১ক তপশীল ভুক্ত সমগ্র সম্পত্তি হইতেছে। ইহার

(খ) তপশীল বর্ণিত সম্পত্তি
যাহা শ্রী তপন কুমার দত্তের অংশে ন্যস্ত ও সাব্যস্ত হইল
এবং যাহা আমার অবর্তমানে প্রাপ্ত হইবে।

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ঠাকুর পুকুর, এডিশনাল ডিস্ট্রীক্ট সাবরেজেস্ট্রী অফিস বেহালা, জে, এল, নং ২৩, মৌজা পূর্ব বড়িষা গ্রামে জেলা দক্ষিণ ২৪ পরগণা কালেক্টরীর ১৮৫ নং তৌজিভুক্ত ৩১ নং খতিয়ানের অধীন ৩২/৩৩ নং খতিয়ানে ২১৮ দাগে একত্রে বাস্তু জমি ৮৪ চারি কাঠা মাত্র তদুপরিস্থিত আংশিক দ্বিতল গৃহাদির মধ্যে গ্রাউণ্ড ফ্লোর বা একতল হইতে দ্বিতলের ছাদ পর্য্যন্ত সিঁড়ি ও সিঁড়িঘরের ও দ্বিতলের বারান্দার বামন ও ব্যবহারিক অধিকার ও তৎসংলগ্ন দ্বিতল বারান্দার পূর্বাংশের অবস্থিত দুইখানি পাকা ঘর ও দ্বিতলের ছক বা ছাদের পশ্চিমাংশ ও উক্ত ছাদের উক্ত সিঁড়িঘর সংলগ্ন দ্বিতল অনুরূপ বারান্দা অর্থাৎ পূর্বাংশ ও পশ্চিমাংশের মাঝখানে ১০' দশ ফুট পরিমিত স্থান বা বারান্দার যৌথ অধিকার প্রাপ্ত হইবে এবং ইহা ছাড়া উক্ত বসতবাটীর দক্ষিণাংশের খালি জমি উত্তর দক্ষিণে জরিপ পূর্বক সীমাকৃত করিয়া সম্পূর্ণ পূর্বাংশের জমি জমা ও তদুপরিস্থিত ইটের দেওয়ালযুক্ত টালির ছাউনিযুক্ত দুইখানি ঘর ও সাজপাট ও চলাচলের জন্য পূর্বদিকের ১৯' ফুট প্রশস্ত রাস্তা সহ সম্পত্তি যাহা অত্র সংলগ্ন নক্সায় বিশেষ ভাবে লাল রং দ্বারা - সীমাকৃত করিলাম, আমার অবর্তমানে নিব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইবে, ইহাতে কস্মিনকালে আমার কোন ওয়ারেশানগণ বা সুলাভিষিক্তগণ বা কেহ কোন প্রকার ওজর আপত্তি করিতে পারিবে না বা করিলেও সর্বক্ষেত্রে তাহা নামঞ্জুর হইবে।

(গ) তপশীল -

(গ) তপশীল সম্পত্তি

যাহা কনিষ্ঠ পুত্র শ্রী গৌতম কুমার দত্তের অংশে ন্যস্ত ও সাব্যস্ত হইল এবং যাহা আমার অবর্তমানে প্রাপ্ত হইবে।

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ঠাকুর পুকুর, এডিশনাল ডিস্ট্রীক্ট সাবরেজেস্ট্রি অফিস বেহালা, জে, এল, নং ২৩, মৌজা পূর্ব বড়িষা গ্রামে জেলা দক্ষিণ ২৪ পরগণা কালেকটরীর ১-৫ নং তৌজিভুক্ত ৩১ নং খতিয়ানের অধীন ৩২/৩৩ নং খতিয়ানে ২১৮ দুইশত xxxxxxxxx দাগে একরে বাস্তু জমি ৮৪ চারি কাঠা মায় তদুপরিস্থিত আংশিক দ্বিতল গৃহাদির মধ্যে একতলে অর্থাৎ গ্রাউণ্ডফ্লোরের পশ্চিমাংশে দুইখানি ঘর ও রান্নাঘর এবং উক্ত ঘরের সংলগ্ন পূর্বাংশে যে বারান্দা ও সংলগ্ন সিঁড়ি যাহা একতল বা গ্রাউণ্ড ফ্লোর হইতে দ্বিতলের ছাদ পর্য্যন্ত ও সিঁড়িঘর আছে তাহা যৌথ ভাবে ব্যবহার করিবে এবং উক্ত বসতবাটীর দ্বিতলে অর্থাৎ ফার্স্ট ফ্লোরের পশ্চিম পার্শ্বে যে একখানি ঘর ও উক্ত ঘরের উভয় দিকের উত্তর দক্ষিণে বারান্দা এবং উক্ত ঘরের সংলগ্ন পূর্বাংশে বারান্দা ও সিঁড়িঘর যৌথ ভাবে ব্যবহার করিবে ও দ্বিতলের ছাদ বা ছাদের পূর্বাংশ ও উক্ত ছাদে উক্ত সিঁড়িঘর সংলগ্ন দ্বিতল অনুরূপ বারান্দাঅর্থাৎ পূর্বাংশ ও পশ্চিমাংশের মাঝখানে বা মধ্যাংশে ১০' দশ ফুট পরিমিত স্থান বা বারান্দা যৌথ অধিকার প্রাপ্ত হইবে। ইহা ব্যতীত উক্ত বসতবাটীর দক্ষিণাংশে যে খালি জমি রহিয়াছে তাহা উত্তরদক্ষিণে জরীপ পূর্বক সীমাকৃত করিয়া সম্পূর্ণ পশ্চিমাংশের জমি জমা ও তদুপরিস্থিত ইটের দেওয়াল ও টালির ছাউনিযুক্ত একখানি ঘর ও সাজপাট, আবর আওলাতাদি সহ সম্পত্তি যাহা অত্র সংলগ্ন নক্সায় হরিদ্রা রং দ্বারা বিশেষ ভাবে চিহ্নিত করিলাম তাহা আমার অবর্তমানে -

শ্রীমান গৌতম নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইবে। ইহাতে কর্মিনকালে আমার কোন ওয়ারিশানগণ ও স্বলাভিষিক্তগণ বা কেহ কোন প্রকার ওজর আপত্তি করিতে পারিবে না, করিলেও তাহা সর্বত্র, সর্বক্ষেত্রে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবে।

১ম। তপশীল সম্পত্তি

যাহা আমার নাতি শ্রীমান উৎসব দত্তের অংশে ন্যস্ত ও সাব্যস্ত হইল এবং যাহা আমার অবর্তমানে প্রাপ্ত হইবে।

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ঠাকুর পুকুর, এডিশনাল ডিস্ট্রীক্ট সাবরেজেস্ট্রী অফিস বেহালা, জে, এল, নং ২৩, মৌজা পূর্ব বড়িষা গ্রামে জেলা দক্ষিণ ২৪ পরগণা কালেক্টরীর ১৮৫ নং তৌজিভুক্ত ৩১ নং খতিয়ানের অধীন ৩২/৩৩ নং খতিয়ানে ২১৮ দাগে একরস বাস্তু জমি ৭৪ চারি কাঠা যায় তদুপরিস্থিত আংশিক দ্বিতল গৃহাদির মধ্যে একতলে অর্থাৎ গ্রাউণ্ড ফ্লোরের পূর্বাংশে যে দুইখানি ঘর রহিয়াছে অর্থাৎ বর্তমানে যে ঘর দুইটিতে আমি বসবাস করিতেছি ও পূজাদি করিতেছি, উক্ত ঘর দুইটি ও সিঁড়ি ও সিঁড়িঘরের যৌথ অধিকার সহ সম্পত্তি যাহা অত্র সংলগ্ন নকসায় নীল রংএর রেখা দ্বারা বিশেষ ভাবে প্রদর্শিত করিলাম তাহা উক্ত উৎসব দত্ত নির্ব্যূঢ় স্বত্বে পাইবে, তাহাতে কেহ কোন প্রকার বাধা বিঘ্ন বা ওজর আপত্তি করিতে পারিবে না, করিলে তাহা সর্বক্ষেত্রে অগ্রাহ্য হইবে।

মুসাবিদাকারক

অ্যাডভোকেট,
আলিপুর জজকোর্ট।

টেঃ/টাইপকারক,
আলিপুর জজকোর্ট।

ইসাদি

১। Pranab Bhattacharyee. MBBS
Reg No. 41606 WBMC
Address 1, Thakurpukur Road Cal-63,
PRANAB BHATTACHERYEE.

২। S, SAYON PARK P.O. YOGA 24 PGS(S) PIN. 743502

৩।

SKETCH MAP OF SETTLEMENT OF RESIDENTIAL BUILDING OF SMT HENA DATTA OF MOUZA - PURBA BARISHA, R.S. NO. 31, 32 & 33, DAG NO. 2186 P.S. THAKURPUKUR WITHIN GRAM PANCHAYAT, DISTRICT 24 PARGANAS (SOUTH).



JAYAN KR DUTTA - LOT 'A'

GAUTOM KR DUTTA - LOT 'B'

UTSAB DUTTA - LOT 'C'

COMMON AREA - LOT 'D'